সার্কুলার নং: ০১/২০২১ তারিখ : ২৭.০৬.২০২১

বিষয়: পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিম।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম এর আওতায় ঋণ প্রদানের নীতিমালা বিষয়ক ০১/২০১৪ নম্বর একটি পরিপত্র গত ০২.০৯.২০১৪ তারিখে জারী করা হয়। বর্ণিত পরিপত্রে নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে ঋণ বিতরণের জন্য ৪৭টি খাত এবং পরবর্তীতে আরো ০৪টি খাত অন্তর্ভুক্তসহ মোট ৫১টি খাতে ঋণ বিতরণের বিষয় উল্লেখ রয়েছে। পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের অর্থায়নের ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক ৩০.০৪.২০২০ তারিখে এসএফডি সার্কুলার-০২ এর মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম এর আওতায় ঋণ নীতিমালার ক্ষেত্রে নতুনভাবে ০৪টি প্রোডাক্ট সংযোজন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্কিমের আওতায় মোট ঋণের প্রোডাক্টের সংখ্যা ৫১টি হতে বৃদ্ধি পেয়ে ৫৫টিতে উন্নীত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত সার্কুলারটি ১৫.১১.২০২০ তারিখে এনডোর্স করে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের উপরিল্লিখিত সার্কুলারের প্রেক্ষিতে এ ব্যাংকের ০২.০৯.২০১৪ তারিখের জারীকৃত পরিপত্র নম্বর-০১/২০১৪ বাতিলপূর্বক নিম্নোক্তভাবে একটি সংশোধিত ও পূর্ণাঙ্গ পরিপত্র জারী করা হলো :

২.০০ ঋণ কর্মসূচির নাম : পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme for Green Products/Initiatives/Projects) ।

৩.০০ স্কিমের আওতা : রাজশাহী ও রংপুর বিভাগীয় এলাকায় গৃহস্থালী বা বানিজ্যিক ভিত্তিতে বায়োগ্যাস প্ল্যান্ট/ সমন্বিত গরু পালন ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন, শিল্প প্রতিষ্ঠানে বর্জ্য পরিশোধন প্ল্যান্ট স্থাপন এবং গৃহস্থালী বা ব্যবসা প্রতিষ্ঠানে সোলার প্যানেল স্থাপনসহ পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে।

৪.০০ পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতাঃ

৪.১। এ স্কিমের আওতায় শুধুমাত্র মেয়াদী ঋণ (Term Loan) এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ এবং চলতি মূলধন বাবদ কোনরূপ ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে না;

৪.২। পণ্য/প্রকল্পের উৎপাদন ক্ষমতা, প্রকৃত ব্যয় ইত্যাদির আলোকে বিতরণকৃত ঋণের বিপরীতে প্রদেয় পুনঃঅর্থসংস্থান কোনক্রমেই সংশ্লিষ্ট পণ্য/প্রকল্পের জন্য বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সর্বোচ্চ পুনঃঅর্থায়ন সীমা অতিক্রম করবে না;

৪.৩। ঋণ খেলাপী গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। শাখা কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ সিআইবি রিপোর্ট সংগ্রহ ও ঋণগ্রহীতা ঋণখেলাপী নয় মর্মে নিশ্চিত হতে হবে;

৪.৪। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যৌক্তিক কারণে Credit Purchase/ Loan Takeover এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট ঋণ বিরূপভাবে শ্রেণিকৃত/বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ায় পুনঃতফসিলীকৃত/সুদ মওকুফকৃত নয় মর্মে নিশ্চিত করতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের ঋণ অবলোপনের ইতিহাস পুনঃঅর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

৪.৫। ব্যাংক শাখার অর্থায়নে চালুকৃত প্রকল্প বা বিশেষ ক্ষেত্রে যৌক্তিক কারণে প্রকল্প চালু হওয়ার পর অনধিক ০৬(ছয়) মাসের মধ্যে শাখা কর্তৃক অর্থায়নকৃত প্রকল্পে তাদের অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির আবেদন বিবেচনাযোগ্য হবে এবং

চলমান পৃষ্ঠা-০২

৪.৬। বিতরণকৃত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের/উন্নয়ন সহযোগীদের/অন্য কোন উৎস হতে পুন:অর্থায়ন সুবিধা প্রাপ্ত প্রকল্প এ স্কিমের আওতায় বিবেচ্য হবে না।

৫.০০ পুনঃঅর্থায়নের আবেদন প্রক্রিয়াঃ

৫.১। শাখা কর্তৃক ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র সংযোজনী-৩ এ জোনাল ব্যবস্থাপক বরাবর এবং জোনের সকল শাখার আবেদন একত্রিত করে সংযোজনী-৩ মোতাবেক বর্ণিত তথ্যাদি ও দলিলাদি সহকারে উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-২, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী বরাবর দাখিল করতে হবে এবং

৫.২। যে সকল পণ্য/উদ্যোগ/প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প চালু (Trial Run) অত্যাবশ্যকীয় সে সকল পণ্য/উদ্যোগ/প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু (Trial Run) হওয়ার পরবর্তী ৭৫ (পঁচাত্তর) দিনের মধ্যে শাখা কর্তৃক তাদের সরাসরি বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে প্রধান কার্যালয় বরাবর এককালীন সংযোজনী-৩ অনুসারে আবেদন করবে। অন্যথায় আবেদন বিবেচিত হবে না। ৯.০০ নং অনুচ্ছেদে বর্ণিত পণ্য তালিকার ক্রমিক নং ১, ১৫, ১৬, ১৭, ১৮, ৫২, ৫৩ এবং ৫৫ ব্যতীত অন্যান্য সকল পণ্য/উদ্যোগ/প্রকল্পের ক্ষেত্রে (Trial Run) (পরীক্ষামূলক উৎপাদন) শুরু হলেই কেবল মাত্র পুনঃঅর্থায়নের জন্য আবেদন গ্রহণযোগ্য হবে।

৬.০০ সুদহার:

৬.১। পুনঃঅর্থায়নের সুদের হারঃ

স্কিমের আওতায় PFI এর নিকট হতে বাংলাদেশ ব্যাংক থেকে গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর ব্যাংক হারে সুদ আদায়যোগ্য হবে;

৬.২। গ্রাহক পর্যায়ে সুদের হারঃ

৬.২.১। PFI কর্তৃক সরাসরি কিংবা ইন্টারমিডিয়ারীর সহায়তায় ঋণ বিতরণ নির্বিশেষে আলোচ্য ক্ষেত্রে ঋণের মেয়াদ কালের ভিত্তিতে গ্রাহক পর্যায়ে নিম্নরূপ সর্বোচ্চ সুদহার নির্ধারিত হবে এবং এক্ষেত্রে ইন্টারমিডিয়ারী'র প্রাপ্য সুবিধা ব্যাংক-ইন্টারমিডিয়ারী সমঝোতার ভিত্তিতে ব্যাংক কর্তৃক বহনযোগ্য হবেঃ

৩০.০৪.২০২০ হতে ২৮.০৭.২০২০ পর্যন্ত সুদ হার:

ঋণের মেয়াদকাল	ভিত্তি হার	PFI'র মার্জিন	গ্রাহক পর্যায়ে সুদ হার
৫ বছরের কম	ব্যাংক হার	অনধিক ২%	অনধিক ৭%
৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম	ঐ	অনধিক ২.৫%	অনধিক ৭.৫%
৮ বছর বা ততোধিক	ঐ	অনধিক ৩%	অনধিক ৮%

২৯.০৭.২০২০ তারিখ হতে ব্যাংক হার ৪% নির্ধারণ করায় বর্তমান সুদ হার নিম্নরূপ:

ঋণের মেয়াদকাল	ভিত্তি হার	PFI'র মার্জিন	গ্রাহক পর্যায়ে সুদ হার
৫ বছরের কম	ব্যাংক হার	অনধিক ২%	অনধিক ৬%
৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম	ঐ	অনধিক ২.৫%	অনধিক ৬.৫%
৮ বছর বা ততোধিক	ঐ	অনধিক ৩%	অনধিক ৭%

৬.২.২। তবে, সরকার ঘোষিত অগ্রাধিকার খাত হিসেবে কৃষি খাতের "Solar Irrigation Pump"এর ক্ষেত্রে PFI কর্তৃক গ্রাহক পর্যায়ে মার্জিন হবে সর্বোচ্চ ২% এবং

৬.২.৩। ৩০.০৪.২০২০ তারিখের পূর্বে গ্রাহক পর্যায়ে বিতরণকৃত (disbursed) ঋণসমূহের পূর্ব নির্ধারিত সুদহার অপরিবর্তিত থাকবে।

৭.০০ ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন এবং ঋণ-মূলধন অনুপাত:

৭.১। ঋণ পরিশোধের সময়কাল ও সুদ হিসাবায়ন:

৭.১.১। সংশ্লিষ্ট খাতের পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উপরিল্লিখিত শর্তাদি অনুযায়ী সুদসহ ঋণের সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক পরিশোধযোগ্য হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ঋণ পরিশোধিত না হলে অতিরিক্ত সময়ের জন্য ব্যাংক অনাদায়ী বকেয়ার ওপর নিজস্ব নীতিমালা অনুযায়ী সুদ ধার্য করতে পারবে।

চলমান পৃষ্ঠা-০৩

৭.১.২। গ্রাহক কর্তৃক নির্ধারিত মেয়াদের মধ্যে এ নীতিমালার শর্তানুযায়ী সুদসহ ঋণের সমুদয় Fixed Principal Method এ পরিশোধযোগ্য হবে। এক্ষেত্রে Amortization Schedule এর নমুনা (সংযোজনী-২) অনুসরণযোগ্য হবে। ৩০.০৪.২০২০ তারিখের পূর্বে গৃহীত পুনঃঅর্থায়ন সুবিধার পরিশোধসূচী অপরিবর্তিত থাকবে;

৭.১.৩। Renewable Energy; Energy & Resource Efficiency; Alternative Energy; Liquid Waste Management; Solid Waste Management; Recycling & Manufacturing of Recyclable Goods; Environment Friendly Brick Production, Green/ Environment Friendly Establishment এবং বিবিধ খাতের অধীন পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের ঋণের আওতা; বৈশিষ্ট্য; ঋণসীমা; গ্রেস পিরিয়ডসহ ঋণের পরিশোধের মেয়াদ; প্রভৃতি প্রসংগে সংযোজনী ১ অনুসরণীয় হবে;

৭.১.৪। গ্রাহক কর্তৃক পরিশোধ্য কিস্তি হিসাবায়নের ক্ষেত্রে এ সার্কুলারের অনুচ্ছেদ-৬ এ বর্ণিত সুদহার ব্যতীত কোন ধরণের লুক্কায়িত খরচ (Hidden Expenses) বা অন্য কোন ধরনের চার্জ/ফি/সুদ আরোপ করা যাবেনা। তবে, প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত শুল্ক/কর আদায় যোগ্য হবে;

৭.১.৫। গ্রাহক হতে ঋণ আদায়ের সময়কাল ঋণ বিতরণের (Disbursement) তারিখ হতে এবং পুনঃঅর্থায়নকৃত অর্থ পরিশোধের সময়কাল পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে হিসাবায়ন হবে;

৭.১.৬। বিদ্যমান ঋণ নিয়মাচারের আলোকে শাখাসমূহ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে পুনঃঅর্থায়নযোগ্য পণ্য/উদ্যোগ/প্রকল্পে Grace Period নির্ধারণ করবে। তবে সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য এ সার্কুলারের সংযোজনী-১ এ বর্ণিত শর্তাবলীর আলোকে সর্বোচ্চ Grace Period অনুমোদনযোগ্য হবে এবং

৭.১.৭। গ্রাহক পর্যায়ে ঋণের সুদসহ আসল ত্রৈমাসিক ভিত্তিতে নির্দিষ্ট পরিশোধসূচী অনুযায়ী আদায়যোগ্য হবে। নির্ধারিত সময়ের পূর্বে কোন গ্রাহক ঋণ সমন্বয় করলে মেয়াদ পূর্তির পূর্বে ঋণ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

৭.২। ঋণ-মূলধন অনুপাত (Debt-Equity Ratio):

এ স্কিমের আওতাধীন পণ্য/উদ্যোগ/প্রকল্প সমূহের ক্ষেত্রে গ্রাহকের equity contribution এর বিষয়টি নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে শাখাসমূহ ব্যাংকের বিদ্যমান নীতিমালার আলোকে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ-মূলধন অনুপাত নির্ধারণ করবে। তবে, ঋণ-মূলধন অনুপাত ন্যূনতম ৮০:২০ হতে হবে ।

৮.০০ পুনঃঅর্থায়ন সম্পর্কিত তথ্য সরবরাহঃ

৮.১। শাখা কর্তৃক পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থের হালনাগাদ বিবরণী ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তার স্বাক্ষরে জোনাল ব্যবস্থাপক বরাবর এবং জোনের সকল প্রতিবেদন একত্রিত করে জোনাল ব্যবস্থাপকের স্বাক্ষরে (forwarding letter সহ) ত্রৈমাসিক ভিত্তিতে সংযোজনী-৪ অনুসারে প্রতি ত্রৈমাস অন্তে পরবর্তী ১০ (দশ) তারিখের মধ্যে উপমহাব্যবস্থাপক, ঋণ ও অগ্রিম বিভাগ-২, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী বরাবর দাখিল করবে। যেসকল শাখা কখনোই পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেনি তারা Nill বিবরণী দাখিল করবে। পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক স্বীয় বিবেচনায় বা প্রয়োজনীয়তার নিরিখে যে কোন সময় সরেজমিন পরিদর্শন করবে;

৮.২। পুনঃঅর্থায়নকৃত অর্থ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্যাদি/বিবরণী নির্ধারিত সময়ে শাখা কর্তৃক দাখিল করা না হলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৮.৩। নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে PFI-কে পুনঃঅর্থায়নকৃত অর্থ দন্ড সুদসহ (ব্যাংক হার+৫%) এককালীন ফেরত প্রদান করতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের বিরূদ্ধে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

ক) শাখা ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃঅর্থায়নকৃত ঋনের সদ্ব্যবহার হয়নি মর্মে উদঘাটিত হলে এবং

গ) পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহকের ঋণ হিসাব বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার পরও বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করা না হলে।

৮.৪। সুতরাং উপরিল্লিখিত কারণ সমূহে বাংলাদেশ ব্যাংক কর্তৃক দন্ড সুদ প্রদান করলে সংশ্লিষ্ট দায়ী শাখার উপর বর্তাবে।

৮.৫। শাখা সমূহ পুনঃঅর্থায়ন সম্পর্কিত তথ্যাদি সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শন করবে।

চলমান পৃষ্ঠা-০৪

৯.০০ পুনঃঅর্থায়নের জন্য উপযুক্ত পণ্য/উদ্যোগ/প্রকল্পঃ

পুনঃঅর্থায়ন স্কিমের অধীনে নিম্নোক্ত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে:

ক) নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)			
১.	Solar Home System		
Establishment of following types of Solar Grid on soil surface or rooftop:			
২.	Solar Pico Grid	৩.	Solar Nano Grid
৪.	Solar Micro Grid	৫.	Solar Mini Grid
৬.	Solar Park	৭.	Net Metering Rooftop Solar System
৮.	Solar Irrigation Pumping System	৯.	পানীয় জলের জন্য সৌর পাম্প (Solar Pump for Drinking Water)
১০.	Solar Photovoltaic (PV) Assembly/Manufacturing Plant	১১.	Solar Cooker Assembly/Manufacturing Plant
১২.	Solar Water Heater Assembly/Manufacturing Plant	১৩.	Solar Air Heater & Cooling System Assembly/Manufacturing Plant
১৪.	Solar Powered Cold Storage		
Establishment of Biogas Plant using following raw materials: (i) Agricultural residues* (ii) Community based wastes ** (iii) Industrial wastes ***			
১৫.	Small size biogas plants - 1.2, 1.6, 2.0, 2.4, 3.2 and 4.8 cubic meter gas production per day.	১৬.	Medium size biogas plant : capacity varies between 6 to 25 cubic meter gas production per day
১৭.	Large size biogas plant having capacity 26 cubic meter gas production per day to 200 cubic meter gas production per day and above.	১৮.	সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন (Integrated Cow Rearing and Setting up of Bio-gas Plant)
১৯.	বায়ু শক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট (Wind Power Plant)	২০.	জলবিদ্যুৎ প্লান্ট (Hydro Power Plant) [পিকো, মাইক্রো, মিনি]
খ) জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা (Energy & Resource Efficiency)			
২১.	Installation of Energy Auditor Certified machineries including boiler in industries for following purposes: (i) Energy Efficiency (ii) Resource Efficiency (iii) Heat and temperature management (iv) Air ventilation and circulation efficiency (v) Waste Heat Recovery System/ Unit	২২.	Auto Sensor Power Switch Assembly Plant
২৩.	Energy Efficient Cook Stove Assembly Plant	২৪.	LED Bulb/Tube Manufacturing/ Assembly Plant
২৫.	Energy Efficient Lime Kiln	২৬.	উন্নত রাইস বয়েলিং সিস্টেম (Imroved Rice Parboiling System)
গ) বিকল্প জ্বালানী (Alternative Energy)			
২৭.	Pyrolysis Oil/Bio-crude Oil/Bio Fuel Manufacturing Plant		

চলমান পৃষ্ঠা-০৫

ঘ) তরল বর্জ্য ব্যবস্থাপনা (Liquid Waste Managment) *****			
Installation of Effluent Treatment Plant (ETP)			
২৮.	Biological ETP	২৯.	Combination of Biological and Chemical ETP
৩০.	Conversion of Chemical ETP into Combination of Biological and Chemical ETP	৩১.	Centra ETP
৩২.	বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Waste Water Treatment Plant)	৩৩.	পয়:নিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Sewage Water Treatment Plant)
ঙ) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Solid Waste Managment) *****			
৩৪.	পৌর বর্জ্য হতে মিথেন রিকভারি ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প (Methane Recovery and Power Production from Municipal Waste Plant)	৩৫.	পৌর বর্জ্য হতে কম্পোস্ট উৎপাদন প্রকল্প (Compost Production from Municipal Waste Plant)
৩৬.	বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Hazardous Waste Management Unit/Plant)	৩৭.	চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Medical Waste Management Unit/Plant)
৩৮.	ই-বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (E-Waste Management Unit/Plant)	৩৯.	Sludge Management Unit/Plant
চ) পুনঃ প্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ দ্রব্য প্রস্তুতকরণ (Recycling & Manufacturing of Recyclable Goods)			
৪০.	PET Bottle Recycling Plant	৪১.	Plastic Waste (PVC, PP, LDPE, HDPE, PS) Recycling Plant
৪২.	Paper Recycling Plant	৪৩.	Recyclable Bag Manufacturing Plant
৪৪.	Recyclable Poly Propylene Thread and Bag Manufacturing Plant	৪৫.	Battery (Solar/led Acid/Lithium Ion) Recycling Plant
ছ) পরিবেশবান্ধব ইট উৎপাদন (Environment Friendly Brick Production)*******			
৪৬.	Compressed Block-Brick	৪৭.	Foam Concrete Brick
৪৮.	Environment Friendly/Brick Kiln Efficiency Improvement Project (Tunnel Kiln and HHK)		
জ) পরিবেশবান্ধব স্থাপনা (Green/Environment Friendly Establishments)			
৪৯.	Establishment of Certified Green Industry	৫০.	Establishment of Certified Green Building
৫১.	Establishment/Installation 'Green Featuring' in the Buildings/Industries (সংযোজনী ৫)		
ঝ) বিবিধ (Miscellaneous)			
৫২.	কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা বিষয়ক	৫৩.	কেঁচো কম্পোস্ট সার উৎপাদন
৫৪.	পাম ওয়েল উৎপাদন	৫৫.	স্লারি হতে জৈবসার প্রস্তুত
বিঃদ্র:পণ্য/উদ্যোগ/প্রকল্প ভিত্তিক ঋণ সীমা, ঋণের মেয়াদকাল, আওতা, বৈশিষ্ট্য, ঋণ প্রাপ্তির যোগ্যতা ইত্যাদি বিষয় সযোজনী-১ এ বিশদভাবে বর্ণিত।			

* Crop residues, livestoc wastes, poultry litters, energy crops, algal biomass, etc.

** Organic portion of Municipal Solid Waste (MSW), sewage sludge, food remains, grass clippings, garden wastes, organic portion of institutional wastes, etc.

*** Waste from food & beverage processing, dairy, starch industry, sugar industry, pharmaceutical industry, cosmetic industry, biochemical industry, pulp and paper, slaughterhouse, rendering plant, etc.

চলমান পৃষ্ঠা-০৬

**** সকল নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানী দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা বিষয়ক উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ SREDA এর বিধিমালা/মানদন্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে।

***** সকল তরল বর্জ্য ব্যবস্থাপনা ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ পরিবেশ অধিদপ্তরের বিধিমালা/মানদন্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে।

****** পরিবেশবান্ধব ইট উৎপাদন উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ পরিবেশ অধিদপ্তরের বিধিমালা/মানদন্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে। শিল্পমন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন অনুযায়ী পরিবেশবান্ধব Tunnel Kiln and HHK (Hybrid Hoffman Kiln) কে ইট শিল্পের অন্তর্ভূক্ত করা হয়েছে।

১০.০০ গ্রাহক পর্যায়ে ঋণের তদারকি ও সদ্ব্যবহার নিশ্চিতকরনঃ

১০.১। বিদ্যমান ঋণ নিয়মাচার এর পরিপালন নিশ্চিতকরণ, গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের সকল ঝুঁকি ও ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর ন্যস্ত থাকবে;

১০.২। উপকারভোগী গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ বিরূপ মানে শ্রেনিকৃত হলে পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল মর্মে বিবেচিত হবে। বাংলাদেশ ব্যাংক সুদসহ বকেয়া পুনঃঅর্থায়নকৃত অর্থ এককালীন আদায় করবে এবং

১০.৩। প্রকল্প বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, Sustainable and Renewable Energy Development Authority (SREDA), Directorate General of Health Services, Office of the Chief Inspector of Boilers ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক সময় সময় জারিকৃত প্রযোজ্য সকল নির্দেশনার পরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

১১.০০ বার্ষিক লক্ষ্যমাত্রা :

বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/নির্দেশনা অনুযায়ী এ খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারিত হবে। অর্থবছর ভিত্তিক এ খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্থবছরের প্রারম্ভে প্রধান কার্যালয় কর্তৃক নির্ধারণ করে দেয়া হবে।

১২.০০ ঋণ বিতরণঃ

প্রযোজ্য ক্ষেত্রে মঞ্জুরীকৃত ঋণের অর্থ একাধিক কিস্তিতে বিতরণ করতে হবে। বাস্তবতার নিরীখে ঋণ বিতরণের কিস্তি নির্ধারণ করতে হবে। বিতরণকৃত প্রতিটি কিস্তির অর্থের সদ্ব্যবহার যাচাই পূর্বক পরবর্তী কিস্তির অর্থ বিতরণ করতে হবে।

১৩.০০ ঋণ মঞ্জুরী ক্ষমতাঃ

(১)	শাখা ব্যবস্থাপক (ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/উপজেলা)	:	৩.০০ লক্ষ টাকা পর্যন্ত
(২)	শাখা ব্যবস্থাপক (জেলা শাখা/প্রধান শাখা)	:	৫.০০ লক্ষ টাকা পর্যন্ত
(৩)	ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়	:	২০.০০ লক্ষ টাকা পর্যন্ত
(৪)	জোনাল ব্যবস্থাপক	:	২০.০০ লক্ষ টাকা পর্যন্ত
(৫)	বিভাগীয় মহাব্যবস্থাপক	:	৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত
(৬)	ব্যবস্থাপনা পরিচালক	:	১০০.০০ লক্ষ টাকা পর্যন্ত
(৭)	পরিচালনা পর্ষদ	:	১০০.০০ লক্ষ টাকার উর্ধ্বে

১৪.০০ ঋণ আবেদনপত্রের সাথে দাখিলতব্য কাগজপত্র ও দলিলাদি সম্পাদন :

(ক) ১,০০,০০০.০০ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে -

(১) ঋণ আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
(২) দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে);
(৪) পরিবেশ অধিদপ্তরের অনুমোদন/ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
(৫) ঋণে ক্রয়কৃত ও স্থাপিত মেশিনারীজ/প্ল্যান্ট এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে মাল ও পণ্য ব্যাংকের নিকট হাইপোথেকেশন হিসেবে থাকবে;

চলমান পৃষ্ঠা-০৭

(৬) শাখার আওতাধীন এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী সুনামের অধিকারী, আর্থিকভাবে স্বচ্ছল এবং দায়িত্বশীল তৃতীয় পক্ষ গ্রহণযোগ্য একজন ব্যক্তির নিকট থেকে ব্যক্তিগত নিশ্চয়তাপত্র (Personal Guarantee) গ্রহণ করতে হবে;

(৭) ঋণ মঞ্জুরীপত্রের সকল শর্ত যথাযথভাবে পরিপালনের সম্মতিপত্র;

(৮) ঋণগ্রহীতার নিজ মালিকানাধীন (একক/যৌথ) জমি জমা/সম্পদের পূর্ণ তফশিলসহ বিবরণ;

(৯) প্রতি ত্রৈমাসিক কিস্তির জন্য একটি করে অগ্রিম তারিখ সম্বলিত (Post dated) চেক এবং সুদসহ পূর্ণ ঋণের মূল্যসম একটি তারিখ বিহীন (Un dated) চেক গ্রহণ করতে হবে তবে ফাকা চেক নয় এবং

(১০) ডিপি নোট ও হলফনামা

(খ) ১,০০,০০০.০০ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে -

ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী সহায়ক জামানত এবং সকল প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ করতে হবে। সহায়ক জামানত গ্রহণের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর গত ১০.১০.২০১৭ তারিখে জারীকৃত ০৮/২০১৭ নম্বর সার্কুলার এবং ডকুমেন্টেশনের বিষয়ে উক্ত বিভাগ থেকে সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটারে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৫.০০ দাখিলীতব্য বিবরণী/প্রতিবেদন:

প্রতিটি শাখা কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ (সংযোজনী-৩), ঋণ আদায় (সংযোজনী-৪) ও অনাদায়ী স্থিতি সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী প্রস্তুত করে ত্রৈমাস শেষে ০৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয় শাখাসমূহ থেকে প্রাপ্ত বিবরণী সংকলন করে ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ এবং উক্ত বিবরণীর একটি কপি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। আবশ্যিকভাবে ঋণ আদায় সংক্রান্ত/মামলা সংক্রান্ত যাবতীয় তথ্য পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ-১/আইন বিভাগে প্রেরণ করবে।

১৬.০০ ঋণ কার্যক্রম তত্ত্বাবধান:

গ্রাহক পর্যায়ে ঋণের অর্থের যথাযথ সদ্ব্যবহার সংশ্লিষ্ট শাখা কর্তৃক নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক এবং বিভাগীয় মহাব্যবস্থাপকগণ নিয়মিতভাবে কর্মসূচীর আওতায় ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার এবং ঋণ আদায় কার্যক্রম পর্যবেক্ষণ/তত্ত্বাবধান করবেন। এছাড়া ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক কর্মসূচীর আওতায় পরিচালিত ঋণ কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করা হবে। পরবর্তীতে আদায় সংক্রান্ত বিষয়ে ঋণ আদায় বিভাগ-১ এবং মামলা সংক্রান্ত বিষয়ে আইন বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১৭.০০ বিশেষ শর্তাবলী

১৭.১ পুনঃঅর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক সময় সময় সরেজমিনে যাচাই করবে।

১৭.২ ঋণ বিতরণের পর নির্ধারিত সময়ের মধ্যে (খাত ভিত্তিক) পুনঃঅর্থায়ন প্রস্তাব সংশ্লিষ্ট শাখা কর্তৃক জোনাল কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্ব্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী সরবরাহ করতে হবে।

১৭.৩ ভুল বা মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে আলোচ্য স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হয়েছে মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট বিবেচিত হলে পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ প্রচলিত ব্যাংক রেট অপেক্ষা ৫% অধিক হারে সুদসহ এককালীন পরিশোধযোগ্য হবে। সেক্ষেত্রে আর্থিক ক্ষতির দায় সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং মাঠ কর্মকর্তা/কর্মচারীর উপর ৬০:৪০ অনুপাতে বর্তাবে।

১৭.৪ নির্ধারিত সময়ের পূর্বে কোন গ্রাহক ঋণ সমন্বয় করলে যে সময়ের জন্য গ্রাহক উক্ত ঋণ সুবিধা গ্রহণ করেছে, পুনঃঅর্থায়ন সুবিধাও উক্ত সময়ের জন্য প্রযোজ্য হবে। এ ক্ষেত্রে ঋণ সমন্বয় হওয়া মাত্রই গ্রাহকের Loan account statement সহ ঋণ সমন্বয়ের বিষয়টি সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ কে অবহিত করতে হবে। শাখা হতে গ্রাহকের Loan account statement সহ ঋণ সমন্বয়ের বিষয়টি ঋণ ও অগ্রিম বিভাগ-২ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ আদায় করা যাবে না। এক্ষেত্রে শাখা কর্তৃক সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করার কারণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোনরূপ আর্থিক জরিমানা করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং শাখার সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

১৭.৫ পরিপত্রে বর্ণিত সকল শর্ত যথাযথভাবে পরিপালন পূর্বক ঋণ প্রক্রিয়াকরণ, মঞ্জুর ও বিতরণ করতে হবে।

১৭.৬ প্রযোজ্য সকল ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধনীসহ) এর বিধান অনুসরণ করতে হবে।

চলমান পৃষ্ঠা-০৮

১৭.৭ পরিবেশ অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনার যথাযথ পরিপালন ঋণ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে (প্রযোজ্য ঋণের খাতসমূহ)।

১৭.৮ ঋণগ্রহীতা কর্তৃক যথাসময়ে ঋণের অর্থ পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার বিরুদ্ধে পিডিআর এ্যাক্ট এর আওতায় সার্টিফিকেট মামলা/অর্থ ঋণ আদালত মামলা/দেশের প্রচলিত আইনে অন্য যে কোন প্রযোজ্য মামলা দায়েরের এখতিয়ার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮.০০ এ সার্কুলারের সংযোজনীসমূহ (সংযোজনী ১, ২, ৩, ৪, ৫) সার্কুলারের অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।

১৯.০০ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে এই পরিপত্রের শর্ত/শর্তসমূহ পরিবর্তন/নতুন শর্ত সংযোজন/যে কোন শর্ত বিয়োজনের এখতিয়ার অথবা বাস্তবতার নিরীখে রাকাব সংরক্ষণ করে।

২০.০০ নীতিমালা সংশোধন/সংযোজন/পরিবর্তন/ব্যাখ্যা/স্পষ্টীকরণ ইত্যাদি :
মাঠ পর্যায় হতে এ কর্মসূচির উপর প্রাপ্ত অভিজ্ঞতা ও সমস্যার নিরীখে প্রয়োজনে নীতিমালা সময়ে সময়ে সংশোধন, পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৭.০৩.২০২১

(মোঃ নূরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তি : সংযোজনী-১, ২, ৩, ৪, ৫

প্রকা/ঋওঅবি-২/১১৩/২০২০-২০২১/৭৪৫(৪৫৭) তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিহিআ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে অনুরোধ করা হলো।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। উপমহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১১। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ।
১৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৫। অফিস নথি/মহানথি।

২৭.০৩.২০২১

(শাকিল মাহমুদ)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

সংযোজনীঃ ১-পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের তালিকা

খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুন:অর্থায়নের সর্বোচ্চ সীমা (টাকায়)	পুন:অর্থায়নের মেয়াদকাল (গ্রেস পিরিয়ড সহ)[১]		পুন:অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
					গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদ (বছর)	
সৌর শক্তি	১. Solar Home System	সোলার হোম সিস্টেমের প্রকৃত মূল্য এবং স্থাপন ব্যয়।	১০ Wp-১০০০Wp ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (১০ Wp ≤ P ≤ ১০০০ Wp)।	১.৭৫ (এক লক্ষ পঁচাত্তর হাজার)	-	৪	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। (আবাসিক)
	Establishment of following types of Solar Grid on soil surface or rooftop (২-৫)						
	২. Solar Pico Grid	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানীসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	৫০০ Wp এর সমান বা তদূর্ধ কিন্তু ৩০০০ Wp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (৫০০ Wp ≤ P <৩০০০ Wp)।	১০.০০ (দশ) লক্ষ	০৬	০৫	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার / প্রতিষ্ঠান[২]। ❖ সমবায় সমিতি[৩] ও RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	৩. Solar Nano Grid	-ঐ-	৩ KWp এর সমান বা তদূর্ধ কিন্তু ১০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (৩০০০ Wp ≤ P <১০০০০ Wp)।	৩০.০০ (ত্রিশ) লক্ষ	০৬	০৬	-ঐ-
	৪. Solar Micro Grid	-ঐ-	১০ KWp এর সমান বা তদূর্ধ কিন্তু ১০০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (১০০০০ Wp ≤ P <১০০০০০ Wp)।	১০.০০ (দশ) কোটি	০৯	০৮	-ঐ-
	৫. Solar Mini Grid	-ঐ-	১০০ KWp এর সমান বা তদূর্ধ কিন্তু ৫ MWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল (১০০০০০ Wp ≤ P <৫০০০০০০ Wp)।	১০.০০ (দশ) কোটি	০৯	০৮	-ঐ-
	৬. Solar Park	-ঐ-	জীবাশ্ম জ্বালানী ভিত্তিক বিদ্যুতের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে এ ধরনের প্রকল্প পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।	৩০.০০ (ত্রিশ) কোটি	০৯	০৮	-ঐ-
	৭. Net Metering Rooftop Solar System	ঐ-	-ঐ-	২.০০ (দুই) কোটি (গৃহস্থালী)	০৬	০৫	-ঐ-
				৫.০০ (পাঁচ) কোটি (বাণিজ্যিক)	০৬	০৮	
				১০.০০ (দশ) কোটি (শিল্প)	০৬	০৮	

নাদ্য।

lw.

	৮. Solar Irrigation Pumping System	সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন পুনঃঅর্থায়নের আওতায় আসবে।	সোলার পাম্পের পানি উত্তোলন ক্ষমতাঃ দৈনিক ৫ লক্ষ হতে ৬ লক্ষ লিটার পানি উত্তোলন। সৌর প্যানেলের ক্ষমতা : প্রতি পাম্পের জন্য সর্বনিম্ন ৬ KWp থেকে সর্বোচ্চ ১২ KWp পর্যন্ত।	৩৫.০০ (পঁয়ত্রিশ) লক্ষ	০৬	০৮	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। ❖ কৃষক সমবায় সমিতি[৩] অথবা সমশ্রেণীর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	৯. পানীয় জলের জন্য সৌর পাম্প (Solar Pump for Drinking Water)	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানীসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	সৌর শক্তি চালিত পাম্প ব্যবহারপূর্বক ভূ-উপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক পান উপযোগী করে সরবরাহ প্রকল্প স্থাপনের জন্য পুনঃঅর্থায়ন সহায়তা প্রযোজ্য হবে।	৩.০০ (তিন) কোটি	০৯	০৮	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ MRA[৫] এর নিবন্ধিত MFI[১]।
	১০. Solar Photovoltaic (PV) Assembly/ Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রয়/আমদানীসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	দেশীয় চাহিদা পূরণের লক্ষ্যে দেশে প্রতিষ্ঠিতি সোলার পিভি প্লান্ট স্থাপনার্থে প্রদত্ত ঋণ পুনঃঅর্থায়ন সুবিধাভুক্ত হবে।	১৫.০০ (পনের) কোটি	০৬	০৫	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	১১. Solar Cooker Assembly /Manufacturing Plant	-ঐ-	নবায়নযোগ্য জ্বালানি তথা সৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/উদ্যোগ পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় আসবে।	২.০০ (দুই) কোটি	০৬	০৪	-ঐ-
	১২. Solar Water Heater Assembly/Manufacturing Plant	-ঐ-	-ঐ-	২.০০ (দুই) কোটি	০৬	০৪	
	১৩. Solar Air Heater & Cooling System Assembly/Manufacturing Plant	-ঐ-	-ঐ-	৩.০০ (তিন) কোটি	০৬	০৪	-ঐ-
	১৪. Solar Powered Cold Storage	-ঐ-	-ঐ-	৮.০০ (আট) কোটি	০৬	০৬	

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুন:অর্থায়নের সর্বোচ্চ সীমা (টাকায়)	পুন:অর্থায়নের মেয়াদকাল (গ্রেস পিরিয়ড সহ)		পুন:অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
					গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদ (বছর)	
	Establishment of Biogas Plant using following raw materials: Agriculture residues, Community based wastes, Industrial wastes (১৫-১৮)						
বায়ো গ্যাস	১৫. Small size biogas plant: 1.2, 1.6, 2.0, 2.4, 3.2 and 4.8 cubic meter gas production per day.	বায়োগ্যাস প্লান্ট স্থাপনের পুরকর্ম ব্যয়।	সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার ক্ষমতা সম্পন্ন বায়োগ্যাস স্থাপনের জন্য অর্থায়িত প্রকল্প।	৫০.০০ (পঞ্চাশ) হাজার	০৩	০৪	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ MRA[৫] এর নিবন্ধিত MFI[৬]।
বায়ো গ্যাস	১৬. Medium size biogas plant: capacity varies from 6 to 25 cubic meter gas productions per day.	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্ক, অন্যান্য প্রযুক্তি স্থাপন ব্যয়।	গৃহস্থালী ও বাণিজ্যিকভাবে গ্যাস অথবা গ্যাস হতে বিদ্যুৎ উৎপাদন।	২৫.০০ (পঁচিশ) লক্ষ	০৬	০৫	-ঐ-
বায়ো গ্যাস	১৭. Large size biogas having capacity 26 cubic meter gas production to 200 cubic meter gas production per day and above.	-ঐ-	পোল্ট্রি ও ডেইরী ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও বিদ্যুৎ উৎপাদন।	২.০০ (দুই) কোটি	০৯	০৫	-ঐ-
বায়ো গ্যাস	১৮. সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন (Integrated Cow Rearing and Setting up of Bio-gas Plant)।	গরু ক্রয় এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ব্যয় পুরকর্ম ব্যয়।	বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য ন্যূনতম ৪ (চার)টি উন্নত জাতের গরু এবং সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার বায়োডাইজেস্টার প্রস্তুত।	১৫.০০ (পনের) লক্ষ	০৩	০৪	-ঐ-
বায়ু বিদ্যুৎ	১৯. বায়ু শক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় (টার্বাইন+কন্ট্রোলার), সিভিল ওয়ার্ক ও টাওয়ার নির্মাণ ব্যয়।	উপকূলীয় এলাকাসহ সম্ভাবনাময় দেশের যে কোন এলাকায় বায়ু শক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	৫.০০ (পাঁচ) কোটি	০৯	১০	-ঐ-
জল বিদ্যুৎ	২০. জলবিদ্যুৎ প্লান্ট (পিকো, মাইক্রো, মিনি)	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও পুরকর্ম ব্যয়।	পিকো (৫০০W হতে ৩KWপর্যন্ত), মাইক্রো (১০KW হতে ১০০ KW) এবং মিনি (১০১ KW হতে 5MW) জলবিদ্যুৎ প্লান্ট স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	৫০.০০ (পঞ্চাশ) লক্ষ	০৯	১০	-ঐ-

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

খাতঃ ২ জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা (Energy & Resource Efficiency)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুন:অর্থায়নের সর্বোচ্চ সীমা (টাকায়)	পুন:অর্থায়নের মেয়াদকাল (গ্রেস পিরিয়ড সহ)		পুন:অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
					গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদকাল (বছর)	
	২১. Installation of Energy Auditor Certified machineries including boiler in industries for following purposes: i. Energy Efficiency ii. Resource Efficiency iii. Heat and temperature management iv. Air ventilation and circulation efficiency v. Waste Heat Recovery System/Unit	শিল্প কারখানায় জ্বালানী দক্ষ/সাশ্রয়ী মূলধনী/অন্যান্য (Air Efficiency/Water Efficiency ইত্যাদি) যন্ত্রপাতি স্থাপনের স্থানীয় ব্যয়/আমদানীসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	এনার্জি অডিট রিপোর্ট দাখিল করতে হবে।[৭]	২০.০০ (বিশ) কোটি	০৯	০৮	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান
	২২. Auto sensor power switch assembly Plant	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, আমদানীসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	-ঐ-	২.০০ (দুই) কোটি	০৯	০৫	-ঐ-
	২৩. Energy efficient Cook Stove Assembly Plant	-ঐ-	-ঐ-	২.০০ (দুই) কোটি	০৯	০৫	-ঐ-
	২৪. LED Bulb/Tube Manufacturing/ Assembly Plant	-ঐ-	আমদানীকৃত এলইডি ডায়োড উচ্চমান সম্পন্ন ও দীর্ঘস্থায়ী হতে হবে ও এসেম্বলি প্রতিষ্ঠানকে অবশ্যই warrenty সহ বিক্রয়োত্তর সেবা দিতে হবে।	৫.০০(পাঁচ) কোটি	০৯	০৫	-ঐ-
	২৫. এনার্জি এফিশিয়েন্ট লাইম কিলন	-ঐ-	গ্যাস সাশ্রয়ের জন্য সনাতন পদ্ধতিতে পরিচালিত চুন চুল্লীসমূহকে উন্নত ও জ্বালানি দক্ষ প্রযুক্তিসম্পন্ন চুল্লী দ্বারা প্রতিস্থাপনের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।	৩৫.০০ (পঁয়ত্রিশ) লক্ষ	০৬	০৫	-ঐ- -ঐ-
	২৬. উন্নত রাইস বয়েলিং সিস্টেম (Improved Rice Parboiling System)	শুধুমাত্র জ্বালানী সাশ্রয়ী বয়লার স্থাপন ব্যয়।	দেশের চাল কল/চাতাল সমূহের বিদ্যমান সনাতনী প্রক্রিয়ার স্থলে জ্বালানী সাশ্রয়ী প্রযুক্তি স্থাপন।	১০.০০ (দশ) লক্ষ	০৩	০৩	-ঐ-
		সম্পূর্ণ অটোমেটেড রাইস মিল (দৈনিক নূন্যতম ২৪ টন ক্ষমতাসম্পন্ন) স্থাপন এর স্থানীয় ব্যয়, আমদানী ব্যয় ও সিভিল ওয়ার্কস।		০৫.০০ (পাঁচ) কোটি	১২	০৬	

খাতঃ ৩: বিকল্প জ্বালানি (Alternative Energy)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুন:অর্থায়নের সর্বোচ্চ সীমা (টাকায়)	পুন:অর্থায়নের মেয়াদকাল (গ্রেস পিরিয়ড সহ) গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদকাল (বছর)	পুন:অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
	২৭. Pyrolysis Oil/Bio-crude Oil/Bio Fuel Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানী ব্যয়, ও সিভিল ওয়ার্ক	টায়ার এবং অন্যান্য উৎস হতে পাইরোলাইসিস প্রক্রিয়াতে তরল দাহ্য উৎপাদনের পাশাপাশি বাই-প্রোডাক্ট হিসেবে ব্লাক কার্বন ও ক্র্যাপ আয়রন উৎপাদন।	৩.০০ (তিন) কোটি	০৬	০৬	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি[৩]/RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান।

খাতঃ ৪ ও ৫:তরল বর্জ্য ব্যবস্থাপনা এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Liquid & Solid Waste Management)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুন:অর্থায়নের সর্বোচ্চ সীমা (টাকায়)	পুন:অর্থায়নের মেয়াদকাল (গ্রেস পিরিয়ড সহ) গ্রেস পিরিয়ড (মাস)	মেয়াদকাল (বছর)	পুন:অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
তরল বর্জ্য ব্যবস্থাপনা	**Installation of Effluent Treatment Plant (ETP)**						
	২৮. Biological ETP	ETP স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মান, পাইপিং এবং যন্ত্রাংশ বাবদ ব্যয়)।	দৈনিক সর্বনিম্ন ৪০০ অথবা তদুর্দ্ধ ঘনমিটার পরিশোধন ক্ষমতাসম্পন্ন হতে হবে।	৬.০০ (ছয়) কোটি	০৬	০৫	❖ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যেসকল শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্লান্ট স্থাপন (ইটিপি) বাধ্যতামূলক।
	২৯. Combination of Biological and Chemical ETP	-ঐ-	-ঐ-	৩.০০ (তিন) কোটি	০৬	০৫	-ঐ-
	৩০. Conversion of Chemical ETP into Combination of Biological and Chemical ETP	-ঐ-	-ঐ-	১.০০ (এক) কোটি	০৬	০৫	-ঐ-
	৩১. Central ETP	-ঐ-	ন্যূনতম ৭ (সাত) টি শিল্প প্রতিষ্ঠান নিয়ে এ ধরনের সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করতে হবে।	১৫.০০ (পনের) কোটি	১২	১০	-ঐ-
